

মার্কেটিং ক্লাবের **ROAD TO CORPORATE WORLD** শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



A Pathway For the Future Marketers স্লোগানকে সামনে রেখে ৬ডিসেম্বর-২০১৯, শুক্রবার, সকাল:১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং ক্লাবের এবং ইয়ুথ ক্লাব অব বাংলাদেশ এর যৌথ উদ্যোগে Road To Corporate World শীর্ষক সেমিনার মার্কেটিং বিভাগের হেকেপ ইন্টারন্যাশনাল কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। মার্কেটিং বিভাগের চেয়ারম্যান ও মার্কেটিং ক্লাবের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী এর সভাপতিত্বে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন স্মার্ট টেকনোলজিস বাংলাদেশ লি. এর সেলস এন্ড মার্কেটিং পরিচালক মুজাহিদ আল বেরুনি সুজন এবং ঙ্গলু আইসক্রিম এর হেড অব মার্কেটিং সুরাইয়া সিদ্দিকা। এছাড়াও সেমিনারে বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দসহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ও অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, এসময় মার্কেটিং ক্লাব কর্তৃক-২০২০ সালের মাঠে অনুষ্ঠিতব্য (Marketing Fest) মার্কেটিং উৎসবের লোগো উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়।